



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২৫শে নভেম্বর, ১৯৯৯/১১ই অগ্রহায়ণ, ১৪০৬

এস. আর. ও নং-৩৪৪-আইন/৯৯ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—যেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন-১৬৫, কিশোরগঞ্জ-১, নির্বাচনী এলাকায় আগামী ৮-১২-৯৯ তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোটকেন্দ্রসমূহে শান্তি শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে :

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, আগামী ৬-১২-৯৯ তারিখ দিবাগত মধ্যরাত হইতে ৯-১২-৯৯ তারিখ রাত ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকদের উক্ত নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section 17A এর sub-section (2)-তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :-

(ক) নির্বাচনে আইন শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য :

(খ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত সকল নিরাপত্তা প্রহরী।

ব্যাখ্যা : এই আদেশ "শুংখলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শুংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আশিকুল হক চৌধুরী

উপ-সচিব (রাজনৈতিক)।